

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৮৭০

বিশালগড়, ১৯ নভেম্বর, ২০২৪

অখিল ভারত সমবায় সপ্তাহ
সিপাহীজলা জেলা ভিত্তিক আলোচনাচক্র

অখিল ভারত সমবায় সপ্তাহ উদযাপন উপলক্ষে গতকাল চড়িলাম রাজ্যের লীলা দেব স্থানে কমিউনিটি হলে সিপাহীজলা জেলাভিত্তিক এক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। আলোচনাচক্রের উদ্বোধন করেন সিপাহীজলা জেলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত। আলোচনাচক্রের উদ্বোধন করে তিনি বলেন, গ্রামীণ অর্থনীতির বিকাশে সমবায়ের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। গ্রামীণ এলাকার মানুষের আর্থিক সমৃদ্ধি ও স্বনির্ভরতার জন্য রাজ্য সরকার সমবায়কে অগ্রাধিকার দিয়েছে। আলোচনাচক্রে বিধায়ক অস্তরা সরকার দেব বলেন, সমবায় সমিতি গঠন ও তার প্রসারে গ্রাম পঞ্চায়েতগুলিকে সক্রিয় ভূমিকা নিতে হবে। আলোচনাচক্রে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন সিপাহীজলা জিলা পরিষদের সদস্য গৌরাঙ্গ ভট্টমিক ও রংদুসাগর সমবায় সমিতির চেয়ারম্যান পবিত্র কুমার দাস। আলোচনাচক্রে রাজ্য গ্রামীণ অর্থনীতি বিকাশে সমবায় সমিতির ভূমিকা নিয়ে আলোচনা করেন অতিরিক্ত জেলাশাসক সুরত মজুমদার। আলোচনাচক্রে সভাপতিত্ব করেন বিধায়ক কিশোর বর্মণ। স্বাগত বক্তব্য রাখেন সমবায় দপ্তরের উপনিয়ামক অনিল দেববর্মা। জেলাভিত্তিক অখিল ভারত সমবায় সপ্তাহ উদযাপন উপলক্ষে আয়োজিত বসে আঁকো প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কৃত করা হয়।
